

28

**সাক্ষরতার হার
বৃদ্ধির উপর
গুরুত্ব আরোপ**

প্রেসিডেন্ট আবদুর রহমান
বিশ্বাস গতকাল বৃহস্পতিবার দেশে
সাক্ষরতার হার বৃদ্ধি করিয়া
কষ্টাজিত স্বাধীনতাকে অর্থবহ
করিয়া তোলার জন্য সকলের প্রতি
(১০ম পৃ: ২-এর ক: দ্র:)

**সাক্ষরতা
(১ম পৃ: পর)**

আজ্ঞান জানাইয়াছেন। তিনি বয়স্ক
শিক্ষার হার বৃদ্ধির প্রয়োজনীয়তার
উপর গুরুত্ব আরোপ করিয়া
বলেন, অশিক্ষিত লোকদের জন্য
শিক্ষার সুযোগ করিয়া দেওয়া
সমাজের শিক্ষিত অংশের দায়িত্ব।
বাসস জানায়, বাংলাদেশ বেসর-
কারী প্রাথমিক স্কুল শিক্ষক সমি-
তির ৮ সদস্যের একটি প্রতিনিধি-
দল বঙ্গভবনে তাঁহার সহিত সাক্ষাৎ
করিলে তিনি তাহাদের সহিত
কথাবার্তা বলিতেছিলেন। প্রেসি-
ডেন্ট দেশের সার্বিক উন্নয়নের
জন্য শিক্ষা ও উৎপাদনের প্রতি
জনগণকে উৎসাহ করিতে শিক্ষক-
দের প্রতি আন্দোলন শুরু করার
আজ্ঞান জানান। এ প্রসঙ্গে প্রেসি-
ডেন্ট শহীদ জিয়াউর রহমান
স্মৃতিত পণ সাক্ষরতা কর্মসূচীর
উল্লেখ করিয়া বলেন, বর্তমান
সরকার নিরক্ষরদের মধ্যে শিক্ষা
প্রসারের জন্য ইতিমধ্যে বিভিন্ন
পদক্ষেপ গ্রহণ করিয়াছেন।

প্রেসিডেন্ট বিশ্বাস জনগণের
কল্যাণের জন্য সরকার ও বিরোধী
দলের মধ্যে পারস্পরিক সমঝোতা
প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ
করেন।

গত ৯ বছরের শাসনের উল্লেখ
করিয়া প্রেসিডেন্ট দুঃখ প্রকাশ
করিয়া বলেন যে, সাবেক সরকার
অনুৎপাদনশীল খাতে কোটি কোটি
টাকা অপব্যয় করিয়া জনগণের
দুঃখ দুর্দশা বৃদ্ধি করিয়াছেন।

সমিতির সহ-সভাপতি আকাস
আলী শেখ এর নেতৃত্বে প্রতিনিধি-
দল ৯ দফা দাবী সম্বলিত একটি
স্মারকলিপি প্রেসিডেন্টকে প্রদান
করেন।